

## খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি, চেয়ারম্যান এর জীবন বৃত্তান্ত

খোন্দকার মোস্তাফিজুর রহমান বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় হতে এল.এল.বি ডিগ্রি অর্জন করেন। এতদ্ব্যতীত তিনি Bangladesh University of Professionals হতে Master of Strategy & Development Studies ডিগ্রি অর্জন করেন। তিনি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব পদমর্যাদার কর্মকর্তা। তিনি ১৯৯১ সালে ৯ম বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। যোগদানের পর থেকে তিনি বিভিন্ন পদে বিভিন্ন উপজেলা, জেলা ও মন্ত্রণালয়ে কাজ করেছেন। ১৯৯১ সালে চট্টগ্রাম বিভাগীয় কমিশনারের কার্যালয়ে সহকারী কমিশনার হিসেবে যোগদান করেন। ১৯৯১-৯২ সালে তিনি সহকারী কমিশনার হিসেবে সুনামগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ে দায়িত্ব পালন করেন। পরবর্তীতে তিনি সহকারী কমিশনার (ভূমি) হিসেবে পটুয়াখালী জেলার কলাপাড়া এবং গলাচিপা উপজেলায় কর্মরত ছিলেন। তিনি প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট এবং সিনিয়র সহকারী কমিশনার হিসেবে পটুয়াখালী, সিলেট এবং মৌলভীবাজার জেলায় দায়িত্ব পালন করেন। উপজেলা নির্বাহী অফিসার হিসেবে রাজামাটি ও পিরোজপুর জেলায় এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) হিসেবে বরগুনা জেলায় কাজ করেন। এতদ্ব্যতীত তিনি অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক) এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে ঝালকাঠি জেলায় কর্মরত ছিলেন। তিনি ঝালকাঠি জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবেও দায়িত্ব পালন করেন। জেলা প্রশাসক হিসেবে তিনি ভোলা ও নোয়াখালী জেলায় কাজ করেছেন। তৎপরবর্তীতে তিনি উপসচিব হিসেবে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়েও কাজ করেছেন। এছাড়া অতিরিক্ত বিভাগীয় কমিশনার হিসেবে খুলনা বিভাগে কর্মরত ছিলেন। ২০১৫ খ্রিস্টাব্দে তিনি যুগ্মসচিব হিসেবে পদোন্নতি পান এবং ২০১৭ খ্রিস্টাব্দে এনডিসি কোর্সটি সফলতার সাথে সম্পন্ন করেছেন। অতিরিক্ত সচিব হিসেবে শিল্প মন্ত্রণালয়ে কাজ করেছেন। এছাড়া তিনি বস্ত্র অধিদপ্তরে মহাপরিচালক হিসেবে কর্মরত ছিলেন। তিনি দেশে বিদেশে বিভিন্ন সেমিনার ও প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করেছেন এবং এ উপলক্ষে বিশ্বের বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন- (USA, চীন, ভারত, দক্ষিণ কোরিয়া, সিংগাপুর, শ্রীলংকা, ভিয়েতনাম, থাইল্যান্ড, সৌদিআরব, কুয়েত, উজবেকিস্তান, অস্ট্রেলিয়া, কানাডা প্রভৃতি)। তিনি বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক পদে ০৩ জুন ২০২০ খ্রিস্টাব্দে যোগদান করেন। উক্ত পদে তিনি দুই বছর সফলতার সাথে দায়িত্ব পালন করেন। এর পূর্বে তিনি ময়মনসিংহ বিভাগে বিভাগীয় কমিশনার হিসেবে কর্মরত ছিলেন। তিনি ২০ জুন ২০২২ তারিখে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরে রেজিস্ট্রার হিসেবে শিল্প মন্ত্রণালয়ে যোগদান করেন। এরপর ১৯ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষে যোগদান করেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং এক কন্যা ও এক পুত্র সন্তানের জনক।